বাংলাদেশ

জীবন বাঁচাতে জাকাত

হার নয়, পরিবারটি চায় আপনার সহযোগিতা

বিজ্ঞাপন বার্তা

স্বামী আর দুই সন্তান নিয়ে ঢাকার উত্তরার দিয়াবাড়িতে পাঁচতলা ভবনের চিলেকোঠায় এক রুমে ভাড়া থাকেন লাকী আক্তার। কিন্তু থ্যালাসেমিয়ায় আক্রান্ত ৯ বছরের মেয়ে ফাতেমা আক্তার সিনহাকে নিয়ে হাসপাতালে দৌড়াতে দৌড়াতে ক্লান্ত হয়ে পড়েন তিনি। করোনা মহামারির মধ্যে সড়ক দুর্ঘটনায় পা হারিয়েছেন তাঁর স্বামী হেলাল। আর কৃত্রিম পা নিয়ে প্রতিদিন সিঁড়ি বেয়ে পাঁচতলায় ওঠানামা করা যেন তাঁর জন্য বিভীষিকা।

ফলো করুন শেয়ার করুন

স্বজনেরা মিলে একটি সবজির দোকান করে দিয়েছেন এলাকায়। এদিকে স্বামীকে দোকানে দিয়ে এসে, সংসারের কাজকর্ম সেরে, মেয়েকে মাদ্রাসায় পৌঁছে দিয়ে লাকী চলে যান রোজগারের উপায় খুঁজতে। রান্না করেন একটি মেসে।

মেয়েকে ভর্তি করিয়েছেন স্থানীয় একটি মাদ্রাসায়। কিন্তু মাসের বেশির ভাগ সময়েই অসুস্থ থাকে সে। চিকিৎসার খরচ জোগাতে খুব বেগ পেতে হয় পরিবারটির। হাতে টাকা না থাকলেও ধারদেনা করে মেলান মেয়ের রক্ত সংগ্রহের খরচ। তবু ক্লান্ত-শ্রান্ত হলেও মেয়ের মুখে হাসি দেখলে তিনি সব কষ্ট ভুলে যান।

লাকীর ভরসার জায়গা, তাঁর আত্মবিশ্বাসী স্বামী হেলাল বলেন, 'যা-ই বলেন, ছেলে-মেয়ে দুটোকে আমি মানুষ করবই, ওর চিকিৎসা চালাতেই হবে।' এমন আত্মবিশ্বাস আর মানুষের সহযোগিতাই পরিবারটির বেঁচে থাকার অবলম্বন।

লাকীর ভাষায়, 'মানুষজন যেভাবে আমাকে সাহায্য করেছে, থ্যালাসেমিয়া ফাউন্ডেশন জাকাত ফান্ড থেকে চিকিৎসা দেয়—এই জন্যই তো মেয়েটারে বাঁচাইয়া রাখতে পারতেছি। ওরে নিয়ে স্বপ্ন দেখতে পারতেছি।'

বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালে নেওয়ার পর থেকে শত কষ্টের মধ্যেও স্বপ্ন দেখছে পরিবারটি। আর তাদের স্বপ্নপূরণে শরিক হতে পারেন আপনিও। দরিদ্র মুসলমান রোগী যাঁরা অর্থাভাবে চিকিৎসা নিতে পারছেন না, তাঁদের জাকাত ফান্ড থেকে সাহায্য করা হয়। এ মানুষগুলোর পাশে দাঁড়াতে অর্থের প্রয়োজন।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালে সুমাইয়ার মতো ৬ হাজার ২১৪ জন থ্যালাসেমিয়া রোগী নিয়মিত চিকিৎসা নিচ্ছে। এর মধ্যে ১ হাজার ৭৬১ জন দরিদ্র রোগী চিকিৎসার জন্য সারা বছর জাকাতের ওপর নির্ভরশীল।

পবিত্র রমজান মাসে আপনার জাকাতের টাকা ফাউন্ডেশনে দান করে এই অসহায় কোমলমতি শিশুদের পাশে দাঁড়ান।

১. ব্যাংক হিসাব নাম : বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড)
অ্যাকাউন্ট নং : ১০৮১১০০০৩৭৭০৩, ডাচ্-বাংলা ব্যাংক, শান্তিনগর শাখা, ঢাকা।

২. অনলাইনে ভিসা, মাস্টারকার্ড বা আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন www.thals.org/zakat

৩. বিকাশ/নগদ/উপায় মার্চেন্ট নম্বর : ০১৭২৯২৮৪২৫৭ ('পেমেন্ট' অপশন ব্যবহার করে কাউন্টার নম্বরে '০' দিন)

ফাউন্ডেশনের জাকাত ফান্ড সম্পর্কে আরও জানতে ভিজিট করুন : www.thals.org/bn/zakat- for- life

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

ফলো করুন শেয়ার করুন

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো